



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন  
কৃষি ভবন  
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০  
সাধারণ পরিচর্যা বিভাগ  
[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)



স্মারক নং-১২.০৬.০০০০.২০৬.০৬.০১০.১৮- ৪৫৬

তারিখ : ২৯ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ  
০৫ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আসন্ন সাপ্তাহিক ছুটি ও ঈদুল আজহার ছুটির সময় নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে পুলিশ টহল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর সদর দপ্তর (কৃষি ভবন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০) ঠিকানায় অবস্থিত। আসন্ন সাপ্তাহিক ছুটি ও ঈদুল আজহা উপলক্ষ্যে আগামী ০৮ জুলাই ২০২২ তারিখ হতে ১১ জুলাই ২০২২ তারিখ তারিখ পর্যন্ত অন্যান্য অফিস-আদালতের ন্যায় বিএডিসি বন্ধ থাকবে। উল্লেখ্য যে, দিলকুশাস্থ কৃষি ভবনে সোনালী ব্যাংক লি. ও সীমান্ত ব্যাংক লি. এর মতিঝিল শাখার কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং সরকার ও জনগণের অর্থসম্পদ উক্ত দুটি ব্যাংকে গচ্ছিত রয়েছে। বিএডিসি'র সদর দপ্তর কৃষি ভবন ও কৃষি ভবনস্থ ব্যাংক দুটির গুরুত্ব বিবেচনা করে নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের আবশ্যিকতা রয়েছে।

০২. বর্ণিতাবস্থায়, উক্ত ছুটিকালীন দিনে এবং রাতে আপনার দপ্তর থেকে যে টহল পুলিশের ব্যবস্থা করা হয়ে থাকে তাতে বিএডিসি'র কৃষি ভবনটি টহলের অন্তর্ভুক্ত রাখার ও নিরাপত্তা জোরদারকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ জুলফিকার আলী)

পরিচিতি নম্বর-০১০০২২

যুগ্মপরিচালক

বিএডিসি, ঢাকা।

ফোন: ০২-২২৩৩৮১৭১১

ই-মেইলঃ [jscsbadc@gmail.com](mailto:jscsbadc@gmail.com)

অফিসার ইনচার্জ  
মতিঝিল থানা  
ডিএমপি, ঢাকা।

কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপ-পুলিশ কমিশনার, মতিঝিল জোন, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা (উক্ত ছুটির সময়ে বিদ্যুৎ, পানি, গ্যাস লাইনের সাথে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (পত্রটি বিএডিসি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বিএডিসি, ঢাকা।
৫. শাখা ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, কৃষি ভবন শাখা, ঢাকা।
৬. শাখা ব্যবস্থাপক, সীমান্ত ব্যাংক লিমিটেড, মতিঝিল শাখা, ঢাকা।
৭. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৮. জনাব..... প্রধান নিরাপত্তা প্রহরী/ নিরাপত্তা প্রহরী,
৯. অফিস কপি/মাস্টার ফাইল।